**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-03-2026** | **Desk in Charge : S.D.G.**
**Time : 1-30 P.M.** | **Compiling : Raktim B. / PPM**
**DEO: KB** | **NRT : Partha P. M.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে একাদশ রাইসিনা ডায়লগের উদ্বোধন করবেন।

২/ প্রধানমন্ত্রী আজ ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্টাবের সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বৈঠক করেছেন।

৩/ রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন। মনোনয়ন পেশ করবেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার।

৪/ ইজরায়েল এবং ইরানের মধ্যে যুদ্ধ পরিস্থিতি আরও ঘোরালো হয়ে উঠেছে। ভারতের মতোই কূটনৈতিক পথে সমস্যা সমাধানের আহ্বান জানিয়েছে চীন।

৫/ ICC T-20 ক্রিকেট বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে ভারত আজ মুম্বইতে ইংল্যান্ডের মুখোমুখি হবে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে একাদশ রাইসিনা ডায়ালগের উদ্বোধন করবেন। ফিনল্যান্ডের রাষ্ট্রপতি ডঃ আলেকজান্ডার স্টাব প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন এবং ভাষণ দেবেন। এই বছর, রাইসিনা ডায়ালগের মূল ভাবনা "সংস্কারঃ Assertion, Accommodation, Advancement। ভূরাজনীতি এবং ভূ-অর্থনীতির প্রেক্ষাপটে তিন দিনের এই সম্মেলনে আন্তর্জাতিক নেতা, নীতিনির্ধারক এবং বিশেষজ্ঞরা আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয় এবং কৌশলগত সহযোগিতা নিয়ে আলোচনা করবেন। এই সম্মেলনে ১১০টি দেশ থেকে নেতা-নেত্রী, মন্ত্রী, সাংসদ, সেনাপ্রধান সহ ৭০০ জন প্রতিনিধি অংশ নেবেন।

উল্লেখ্য, আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য ২০১৬ সাল থেকে রাইসিনা ডায়ালগ ভারতের শীর্ষস্থানীয় মঞ্চ হিসেবে স্বীকৃত। বিগত কয়েক বছর ধরেই এই মঞ্চে ভূরাজনৈতিক সমীকরণের পরিবর্তন, জলবায়ু পরিবর্তন নিয়ে উদ্বেগ, প্রযুক্তিগত রূপান্তর, অর্থনৈতিক স্থিতিস্থাপকতা এবং আন্তর্জাতিক শাসন কাঠামোর ভবিষ্যৎ নিয়ে ব্যাপক আলোচনা হয়েছে।

এ-বছরের সম্মেলনে বেশ কয়েকজন বিদেশী বিশিষ্ট ব্যক্তি অংশগ্রহণ করবেন বলে মনে করা হচ্ছে।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্টাবের সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার বিষয়ে বৈঠক করেছেন। আলোচনার পরে বেশ কয়েকটি সমঝোতা স্মারক বিনিময় হয়। প্রধানমন্ত্রী, সফররত বিশিষ্ট ব্যক্তিবর্গের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন করেছেন।

****************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ সকালে নতুন দিল্লিতে ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্টাবের সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ফিনল্যান্ডের রাষ্ট্রপতির বার্তালাপ ভারত-ফিনল্যান্ড দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করবে বলে সমাজমাধ্যমের এক পোস্টে বিদেশমন্ত্রী প্রত্যয় ব্যক্ত করেছেন। ডঃ

জয়শঙ্কর আরও বলেন, তিনি আজ সন্ধ্যায় রাইসিনা ডায়ালগে ফিনল্যান্ডের রাষ্ট্রপতির ভাষণের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

****************************

রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। ৯ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে। ভোটগ্রহণ ১৬ই মার্চ। সেদিনই ফলাফল ঘোষণা করা হবে।

মহারাষ্ট্রের সাতটি, তামিলনাডুর ৬ টি, বিহার এবং পশ্চিমবঙ্গের ৫ টি, ওড়িশার চারটি, আসামের তিনটি, তেলেঙ্গানা, ছত্তিশগড়, হরিয়ানার দুটি করে এবং হিমাচল প্রদেশের একটি আসনে ভোট নেওয়া হবে।

আজ এরাজ্য থেকে বিজেপির রাজ্যসভার প্রার্থী হিসাবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা। বিধানসভায় এই উপলক্ষে তার সঙ্গে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য, দলের প্রধান মুখপাত্র দেবজিত্ সরকার প্রমুখ।

আজই মনোনয়ন পত্র জমা দিচ্ছেন তৃণমূল কংগ্রেসের প্রার্থী রাজীব কুমার, বাবুল সুপ্রিয়, কোয়েল মল্লিক এবং মেনকা গুরুস্বামী।

****************************

বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার আজ রাজ্যসভা নির্বাচনের জন্য প্রার্থীপদে মনোনয়ন দাখিল করবেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি নিজে এ-খবর নিশ্চিত করে জানিয়েছেন, রাজ্য বিধানসভা এবং সংসদ– দু'জায়গাতেই সদস্য হওয়া তাঁর বহুদিনের ইচ্ছা। দু'দশকেরও বেশি সময় ধরে মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর প্রতি আস্থা রাখার জন্য তিনি বিহারের জনগণের প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন।

এদিকে, পাটনায় মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে JD(U) সমর্থকরা নীতিশ কুমারের রাজ্যসভায় প্রার্থী হওয়ার বিরোধিতায় বিক্ষোভ দেখান। তাঁদের দাবি, ২০২৫ সালের বিধানসভা নির্বাচনে নীতিশ কুমারকে সামনে রেখে জনগণ ভোট দিয়েছেন। তাঁকে দিল্লি না যাওয়ার আর্জি'ও জানান রাজ্যবাসী।

অপরদিকে এই পপ্রিস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ পাটনা গেছেন। তিনি নীতিশ কুমারের মনোনয়ন প্রক্রিয়ায় অংশ নেবেন।

***************************

রাজ্যসভার নির্বাচনের জন্য কংগ্রেস ছ'জন প্রার্থীর তালিকা প্রকাশ করেছে। অভিষেক মনু সিংভি এবং ভেম নরেন্দ্র রেড্ডিকে তেলেঙ্গানা থেকে মনোনীত করা হয়েছে। ছত্তিশগড় থেকে ফুলো দেবী নেতাম, হরিয়ানা থেকে করমবীর সিং বৌধ, হিমাচল প্রদেশ থেকে অনুরাগ শর্মা এবং তামিলনাড়ু থেকে এম ক্রিস্টোফার তিলককে প্রার্থী করা হয়েছে।

***************************

পাকিস্তান-আফগানিস্তান সংঘাতের প্রভাব ভারতেও পড়তে পারে বলে গোয়েন্দা সংস্থাগুলি সতর্ক করে দিয়েছে। এ-জন্য সীমান্ত এলাকাগুলিকে উচ্চ সতর্কতায় রাখা হয়েছে। সীমান্তগুলিকে উচ্চ সতর্কতার অধীনে রাখা হয়েছে। অন্তত হাজার থেকে দেড় হাজার সন্ত্রাসবাদী জম্মু-কাশ্মীর সীমান্ত দিয়ে ভারতে অনুপ্রবেশ করতে পারে বলে ভারতীয় গোয়েন্দা সংস্থাগুলির অনুমান।

***************************

মাদক নিয়ন্ত্রণ ব্যুরো(এন সি বি),ভারত-মায়ানমার সীমান্ত অঞ্চল থেকে ৩৬ কিলোগ্রাম মেথাপেথামাইন এবং প্রায় ১ কিলোগ্রাম হেরোইন বাজেয়াপ্ত করেছে। বাজেয়াপ্ত করা মাদকের বাজার মূল্য প্রায় ৩১ কোটি টাকা।এনসিবি সূত্রে জানা গেছে এক মায়ানমারের নাগরিক সহ চার ব্যাক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

***************************

ভারত জরুরি ভিত্তিতে নাগরিকদের ডিজিটাল অন্তর্ভুক্তির জন্য ডিভাইস এবং পরিষেবার ক্রয়ক্ষমতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে। স্পেনের বার্সেলোনায় মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেস ২০২৬-এ ভাষণ দিতে গিয়ে কেন্দ্রীয় যোগাযোগমন্ত্রী জ্যোতিরাদিত্য এম. সিন্ধিয়া বলেন, ভারতে বিভিন্ন ডিজিটাল ডিভাইসের অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধির পাশাপাশি মোবাইল ডেটা খরচ ৯৭ শতাংশ কমেছে।

( বাইট – সিন্ধিয়া )

শ্রী সিন্ধিয়া বলেন, ভারতের ডিজিটাল যাত্রা প্রমাণ করে, উদ্ভাবন এবং স্থিতিশীল নীতিগ্রহণ পরিকাঠামোক্ষেত্রে ব্যয় উল্লেখযোগ্যভাবে কমাতে পারে। শ্রী সিন্ধিয়া, সুস্থায়ী ডিজিটাল পরিমণ্ডল তৈরির লক্ষ্যে, সরকার, শিল্প, আর্থিক প্রতিষ্ঠান এবং বিশ্বব্যাপী সংগঠনগুলিকে সম্পৃক্ত করে একটি সমন্বিত, বহুপাক্ষিক পদ্ধতি গ্রহণের আহ্বান জানিয়েছেন।

****************************

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বের এবং তাঁর সাধারণ মানুষের স্বার্থে পদক্ষেপ ও সুশাসনেরও প্রশংসা করেছেন। ভারত ও কানাডার মধ্যে দৃঢ় সম্পর্ক গঠনের বিষয়েও তিনি আশা প্রকাশ করেছেন। অস্ট্রেলিয়ার সিডনিতে এক অনুষ্ঠানে মার্ক কার্নি বলেন, নির্দিষ্ট রাজনৈতিক লক্ষ্যে নরেন্দ্র মোদী একজন শৃঙ্খলা পরায়ন নেতা। সম্প্রতি শ্রী মোদীর সঙ্গে তাঁর আলাপচারিতার প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, শ্রী মোদীর সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ এক নতুন মাত্রা যোগ করেছে। মার্ক কার্নি ভারতের সঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা সহ অন্যান্য প্রযুক্তিতে সহযোগিতার সম্ভাবনার কথা তুলে ধরেন। সাম্প্রতিক কালে দুদেশের মধ্যে কিছু মতবিরোধ হলেও বর্তমানে দুপক্ষই অংশীদারিত্ব আরও দৃঢ় করতে বদ্ধপরিকর বলে তিনি জানান।

****************************

ইজরায়েল এবং ইরানের মধ্যে যুদ্ধ পরিস্থিতি আরও ঘোরালো হয়ে উঠেছে। ইজরায়েল আজ নতুন করে ইরানে সামরিক অভিযান শুরু করেছে। তেহেরানের একাধিক কাঠামো লক্ষ্য করে আঘাত হেনেছে ইজরায়েলি প্রতিরক্ষা বাহিনী–আই ডি এফ। এর আগে, ইজরায়েলি বায়ুসেনা ইরানের ইস্পাহান এবং কামে আক্রমণ করেছিল। ইসফাহানে বিমানকে আঘাত করার উদ্দেশ্যে তৈরি একটি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাও ধ্বংস করেছে ইজরায়েল। এছাড়া, ইজরায়েল লেবাননের বেশ কয়েকটি কমান্ড সেন্টারেও অভিযান চালিয়েছে। এর মধ্যে, হিজবুল্লাহর একটি কম্যান্ড সেন্টার রয়েছে।

****************************

উপসাগরীয় অঞ্চলে উত্তেজনার আবহে পশ্চিম এশিয়ায় সামরিক অভিযান বন্ধ করার আহ্বান জানিয়েছে চীন। চীনের বিদেশমন্ত্রকের মুখপাত্র লিন জিয়ান জানিয়েছেন, চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই সংযুক্ত আরব আমিরশাহীর উপ-প্রধানমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান এবং সৌদি আরবের বিদেশমন্ত্রী সৌদি প্রতিপক্ষ ফয়সাল বিন ফারহান আল সৌদের সঙ্গে কথা বলেছেন। লিন জিয়ান সমাজমাধ্যমের এক বার্তায় বলেছেন, চীন কূটনৈতিক উপায়ে বিরোধ নিষ্পত্তির পক্ষে। ভারত'ও এর আগে কূটনৈতিক পথে সমস্যা সমাধানের আবেদন জানিয়েছিল।

উল্লেখ্য, চীন ইতোমধ্যেই মার্কিন-ইজরায়েলের যৌথ বাহিনীর ইরানের বিরুদ্ধে সামরিক হামলার বিরোধিতা করেছে। ইরানে অবস্থানরত চীনা নাগরিকদের অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে এবং যত তাড়াতাড়ি সম্ভব ইরান ত্যাগ করার পরামর্শ দিয়েছে চীন।

****************************

ইরানের তেহেরানে সেদেশের সর্বোচ্চ নেতা আয়াতুল্লা সৈয়দ খামেনেই এর শেষকৃত্যের আয়োজন চলছে। মার্কিন-ইজরায়েল যৌথ অভিযানে তাঁর মৃত্যু হয়। তেহেরানের দ্য গ্র্যান্ড মোসাল্লাতে বিশাল প্রার্থনার আয়োজন করা হয়।

গতকাল থেকে তিনদিনের বিদায়ী সম্বর্ধনা কর্মসূচী শুরু হওয়ার কথা থাকলেও বর্তমান যুদ্ধ পরিস্থিতিতে পরে তা স্থগিত ঘোষণা করা হয়। মোসাল্লাতে হাজার হাজার মানুষের সমাগমের সম্ভাবনা ছিল।

****************************

নেপালে আজ সকাল ৭টা থেকে সারা দেশে কঠোর নিরাপত্তার মধ্যে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ চলছে। ভোটদান করেছেন প্রধানমন্ত্রী সুশীলা কার্কি। সকাল ১১টা পর্যন্ত ১৯ লক্ষ ভোট পড়েছে।

****************************

ভারত আজ টি-২০ বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে। মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

সুপার এইটের শেষ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে জয় পেয়ে শেষ চারে পৌঁছেছে গত বারের চ্যাম্পিয়ন ভারত। অন্যদিকে, সুপার এইটে সব ম্যাচ জিতে সেমিফাইনালে পৌঁছেছে ইংল্যান্ড।

*****************************************************************